

**SEMESTER-5**  
**PAPER:CC-11**  
**MODULE-3**

পাঠ প্রণেতা: ড. অনুরাধা গোস্বামী

ডায়েরী:

ডায়েরী বা দিনপঞ্জী বা রোজনামচা খানিকটা জীবনচরিত জাতীয় রচনা। দিনপঞ্জী জাতীয় রচনা কে কড়চাও বলা হয়। শ্রীচৈতন্যদেবের জীবন অবলম্বনে গোবিন্দ দাসের কড়চা একটি অতি প্রাচীন গ্রন্থ। কখনো কখনো লেখক পরিকল্পিতভাবে আত্মজীবনী না লিখে জীবনের নানা ঘটনা কালানুক্রমিক ভাবে লিপিবদ্ধ করে থাকেন। স্যামুয়েল পেপিজের ডায়েরী এই জাতীয় রচনার উল্লেখযোগ্য উদাহরণ। এই ডায়েরির লিখন অতি প্রাচীন (১৬৬৯)। পরে তার ছাত্র জন স্মিথির সম্পাদনায় একটি প্রকাশিত হয়।

ডায়েরীতে একটি ব্যক্তি পুরুষের আত্মগত খন্ড বিচ্ছিন্ন ঘটনা এবং ভাবনার খন্ডাংশ থাকে। সাধারণত এই জাতীয় রচনার কোন ধারাবাহিকতা থাকে না। ঘটনার পারস্পর্য ও সংহতি সর্বদা এই জাতীয় রচনায় রক্ষিত হয় না। একটি কেন্দ্রগত সংহতির অভাবে ঘটনাগুলি খন্ড খন্ড কাহিনীর রূপ নেয়। অনেকটা এপিসোডিক বলা যেতে পারে। অনেক ক্ষেত্রে ডায়েরীতে সন তারিখের উল্লেখ ও থাকে। ডায়েরীতে লেখক সত্যনিষ্ঠ ঘটনার বিবরণ দেন। প্রত্যক্ষতা এবং সত্যভাষণ ডায়েরির অন্যতম বৈশিষ্ট্য।

ডায়েরী লেখার সময় লেখক হতে পারেন অনেক বেশি অকপট হয়তোবা প্রয়োজনে কিছুটা অসম্মত। আত্মজীবনীমূলক উপন্যাস অথবা চিঠিপত্রে ততটা খোলা মনে ও নির্ভয়ে লেখার সুযোগ থাকে না যতটা থাকে ডায়েরী রচনার বেলায়। রূপ রীতি ভাষা শৈলির বাধা নিষেধ অনেক শিথিল বলে ডায়েরীতে লেখক নিঃসংকোচে আলো ফেলতে পারেন তাঁর অন্তর লোকে। ডায়েরী যেহেতু দিনলিপি তাই তাতে লিপিবদ্ধ হয় প্রাত্যহিক ঘটনা অভিজ্ঞতার বিবরণ; লেখকের আবেগ অনুভব ভাবনাচিন্তার বিশ্লেষণ বা বিস্তার ডায়েরীতে খুব বেশি পাওয়া যায় না।

সাধারণ মানুষ থেকে শিল্পী সাহিত্যিক অনেকেই ডায়েরীতে লিপিবদ্ধ করে থাকেন তাঁদের নানা টুকরো অভিজ্ঞতা। কখনো কখনো ডায়েরির সেই সব খসড়া থেকে জন্ম নেয় আত্মচরিত বা স্মৃতিকথা মূলক গ্রন্থ।। তেমনটা হতে গেলে ব্যক্তির দিনলিপিকে ভাষাশৈলী ও উপস্থাপনার গুণে সর্বজনীন ও সুখপাঠ্য হতে হবে। তাতে আরোপিত হতে হবে যথোচিত সাহিত্যমূল্য ঠিক যেমনটা হয়েছিল হিটলারের নাৎসি বাহিনীর হাতে অত্যাচারিত ছোট মেয়ে এনা ফ্রাঙ্কের ডায়েরি।

ডায়েরি ও জার্নাল এর মধ্যে সুনির্দিষ্ট বিভাজিকা টানা মুশকিল। এই দুই এর প্রভেদ খুবই সূক্ষ্ম এবং হয়তো এদের মধ্যে পার্থক্য নির্ণয়ের প্রয়াসও কিঞ্চিৎকর। ডায়েরীতে দৈনন্দিন ঘটনার উল্লেখ ও বিবরণ থাকে অনেক বেশি। জার্নালে বেশি থাকে লেখকের ভাবনা-চিন্তা পাঠাভ্যাস পর্যবেক্ষণ প্রতিক্রিয়া মন্তব্য ইত্যাদি। অনেকক্ষেত্রে দিনলিপি তার প্রাত্যহিকতার সীমা পেরিয়ে হয়ে গেছে জার্নাল। যেমন ইংরেজ কবি ওয়ার্ডসওয়ার্থের বোন দরথির ডায়েরি।

ডায়েরীতে কল্পনার বিশেষ অবকাশ থাকে না। তবে রচনার স্বাদুতা অবশ্যই ডায়েরির প্রধান আকর্ষণ। তাছাড়া ব্যক্তিগত ঘটনা নির্ভর রচনা হলেও তার মধ্যে একটা সর্বজনীন আবেদন অবশ্যই থাকে। যে ঘটনাগুলি ডায়েরিতে লিপিবদ্ধ হয় সেগুলি ব্যক্তিগত হয়েও বৃহত্তর অনুভবের ব্যঞ্জনা বহন করে।

ডায়েরী প্রসঙ্গে রবীন্দ্রনাথ তার ‘পঞ্চভূত’ গ্রন্থে লিখেছেন:

" ডায়েরি একটা কৃত্রিম জীবন। কিন্তু যখনই উহাকে রচিত করিয়া তোলা যায় তখনই ও আমাদের প্রকৃত জীবনের ওপর কিয়ৎ পরিমাণে আধিপত্য না করিয়া ছাড়ে না। একটা মানুষের মধ্যে সহস্র ভাগ আছে সব টাকে সামলাইয়া সংসার চালানো এক বিষম আপদ। আবার বাহির হইতে সহস্রে তাহার একটি কৃত্রিম জুড়ি বানাইয়া দেওয়া আপদ বৃদ্ধি মাত্র।"

রবীন্দ্রনাথ এইজন্যই ডায়েরি কে দ্বিতীয় জীবন বলেছেন। লেখক যখন তার আন্তর জগতের বিশ্বাস-অবিশ্বাস প্রত্যয় ও জীবন বোধকে সর্বজনীন অনুভবগম্য করে তোলেন তখনই ডায়েরী সার্থক হয়। সুনির্দিষ্ট অর্থে ডায়েরি না হলেও চারুচন্দ্র দত্তের পুরনো কথা কৃষ্ণকমল ভট্টাচার্যের পুরাতন প্রসঙ্গ চন্দ্রশেখর বন্দ্যোপাধ্যায়ের গদাধর সরমা ওরফে গদাধরের রোজনামচা এবং রবীন্দ্রনাথের ইউরোপ যাত্রীদের প্রভৃতির পরিচয় এ প্রসঙ্গে দেওয়া যেতেই পারে।

সহায়ক গ্রন্থ:

- ১। সাহিত্য সন্দর্শন— শ্রীশচন্দ্র দাস
- ২। সাহিত্য ও সমালোচনার রূপরীতি — উজ্জ্বলকুমার মজুমদার
- ৩। সাহিত্য : রূপ-বিচিত্রা— অপূর্বকুমার রায়
- ৪। সাহিত্যের রূপরীতি ও অন্যান্য প্রসঙ্গ— কুন্তল চট্টোপাধ্যায়
- ৫। বাংলা সাহিত্যের রূপরীতি— শুদ্ধসত্ত্ব বসু
- ৬। সাহিত্যকোষ : কথাসাহিত্য— অলোক রায়
- ৭। সাহিত্য বিচার : তত্ত্ব ও প্রয়োগ — বিমলকুমার মুখোপাধ্যায়
- ৪। DA Glossary of Literary Terms- M.H. Abrams